ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০৯.০১৯.২৫. ২৮৬৪

তারিখঃ ১৭ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ লা জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিরাপত্তা মুলক নির্দেশনাবলী

## ০১। কাজ শুরু করার পূর্ব প্রস্তুতিঃ-

(ক) প্রথমে শারীরিক ও মানসিকভাবে প্রস্তুতি গ্রহন করতে হবে এবং Safety First কথাটি সর্বদা মনে রাখতে হবে। নিরাপত্তার বিষয়টি নিশ্চিত না হয়ে কোন ক্রমেই বৈদ্যুতিক উপকেন্দ্র/বিতরন লাইনে কাজ করা যাবে না।

(খ) বৈদ্যুতিক উপকেন্দ্র/বিতরন লাইনে কাজ করা ঝুঁকিপূর্ণ বিধায় মানসিকভাবে শান্ত থাকতে হবে। কোন দুঃসংবাদ বা অসুস্থতার জন্য মানসিক বা শারীরিকভাবে কর্ম উপযোগী না হলে অনুরুপ ঝুঁকিপূর্ণ কাজ সম্পৃক্ত হওয়া যাবে না।

(গ) মোটর সাইকেল পরীক্ষা করে ও হেলমেট পরিধান করে প্রয়োজনীয় টুলসসহ স্পটে গমন করতে হবে এবং স্পটে টুলসসহ কোন জটিলতা আছে কিনা সে সম্পর্কে সুস্পষ্ট ধারনা নিয়ে কাজে যেতে হবে।

(ঘ) আউটেজ সংক্রান্ত বিআরইবি ফরম নং-৪৫৮ এ যথাযথভাবে কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। বৈদ্যুতিক লাইন সাট-ডাউন প্রদান কার্যকর হয়েছে কিনা, লাইন ক্যাপাসিটর ব্যাংক বন্ধ বা শর্ট করা হয়েছে কিনা, সাট-ডাউনকৃত লাইন গ্রাউন্ডিং করা হয়েছে কি না, একাধিক সোর্স লাইন আছে কিনা, জেনারেটর বা অনুরুপ অন্যকোন বৈদ্যুতিক যন্ত্রপাতি অথবা কোন লাইন হতে ব্যাকফিড হওয়ার সম্ভাবনা আছে কি না এ সকল বিষয়ে নিশ্চিত হতে হবে এবং সেকশন বন্ধ করে প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করতঃ রেডট্যাগ বিআরইবি ফরম নং-৪৫১ ঝুলিয়ে দিতে হবে।

(ঙ) নেশা জাতীয় কোন দ্রব্য সেবন করা যাবে না। মটর সাইকেল চালানোর সময় রাস্তার ধরন অনুযায়ী গতি সীমিত রাখতে হবে এবং মুঠোফোনে কথা বলা যাবে না।

(চ) কাজ শুরুর পূর্বে লাইনম্যান ইউনিফরম, বুটজুতা, সেফটি ক্যাপ, হ্যান্ড গ্লোবস ইত্যাদি পরিধান এবং সমিতির আইডি কার্ড বাধ্যতামূলকভাবে সাথে রাখতে হবে।

(ছ) কাজের সঙ্গে সংশ্লিষ্ট হ্যান্ড লাইন, ব্লক, ক্লাইম্বিং সেট, বডি বেল্ট ও জুতা পরিস্কার পরিচ্ছন্ন ও ব্যবহার যোগ্য করে রাখতে হবে। প্রয়োজনে পরিবর্তন করতে হবে।

(জ) যে পোলে ক্ল্যাইম্বিং করতে হবে সে পোল ক্ল্যাইম্বিং উপযোগী কিনা তা নিশ্চিত হতে হবে।

(ঝ) "আমি সব কিছু জানি, আমার জীবনে দূর্ঘটনা ঘটেনি," এ রকম অতিরিক্ত আত্নবিশ্বাস পরিহার করতে হবে।

(ঞ) পূর্বের দিনের কাজ, রাত্রে সার্ভিস অর্ডার প্রস্তুত পূর্বক টীমে অন্তর্ভুক্ত সকলের সাথে আলোচনা করে কাজ করার সঠিক পরিকল্পনা ও পদ্ধতি নির্ধারন করতে হবে।

(ট) প্রতিটি অভিযোগ কেন্দ্রে First Aid Box (প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি) রাখতে হবে এবং প্রশিক্ষন পরিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রাথমিক চিকিৎসার ভিডিও দেখে তা রপ্ত করে প্রাথমিক চিকিৎসা প্রদানে প্রতিটি লাইনম্যান ও তাদের উর্দ্ধতন সকল কারিগরী কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা অর্জন করতে হবে।

(ঠ) প্রাথমিক চিকিৎসা প্রাপ্ত ব্যক্তিকে দ্রুত ডাক্তারের নিকট স্থানান্তর করতে হবে এবং দূর্ঘটনার কারণ, সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্য লিপিবদ্ধ করে রাখতে হবে।

(ড) বিশেষ করে রাত্রে বেলায় ট্রান্সফরমার ফিউজ কাটার অভিযোগ থাকলে নিকটবর্তী থানা/পুলিশ ফাঁড়ি, ইউপি চেয়ারম্যানকে অবহিত করতে হবে। এক্ষেত্রে জুনিয়র ইঞ্জিনিয়ার কে অবশ্যই লাইনক্রুদের সাথে সাইডে গমন করতে হবে।

(ঢ) প্রতিটি অভিযোগ কেন্দ্রে ইতিপূর্বে বিভিন্ন দূর্ঘটনায় মৃত ও দূর্ঘটনায় স্থায়ী ভাবে পঙ্গুত্ব বরন কারী কর্মকর্তা/কর্মচারীদের নাম দূর্ঘটনার কারন উল্লেখ করে ০১ টি বোর্ডে করে সর্বাধিক দৃশ্যমান স্থানে রাখতে হবে।

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

(ণ) লাইনম্যানগন বাসা হতে বের হওয়ার সময় তাদের স্ত্রীরা যাতে তাদেরকে নিরাপত্তা বিষয়ে স্মরণ করিয়ে দেয় তার জন্য পবিসের মাসিক নিরাপত্তা সভায় লাইনম্যানদের পাশাপাশি তাদের স্ত্রীদেরকেও মাঝেমধ্যে অতিথি হিসাবে আমন্ত্রন করতে হবে।

(ত) লাইনম্যানদের বহনকারী যানবাহনে দৃশ্যমান কোন স্থানে নিরাপত্তা সংক্রান্ত শ্লোগান "কাজের আগে নিরাপত্তা ভেবে দেখ ভাই একবার করলে ভুল, বাচার সুযোগ নাই" লিখে রাখতে হবে।

**০২। কাজ চলাকালীন সর্তকতাঃ-**

(ক) বৈদ্যুতিক লাইন সাট-ডাউন হলেও স্থায়ী গ্রাউন্ডিং এবং MGN যথাযথ গ্রাউন্ডিং আছে কি না তা নিশ্চিত না হওয়া পর্যন্ত লাইনটি ঝুঁকিপূর্ণ এটা মনে রাখতে হবে। অর্থাৎ বৈদ্যুতিক লাইন স্পর্শ করার পূর্বে ভোল্টেজ ইন্ডিকেটর দ্বারা ভোল্টেজের উপস্থিতি না থাকার টেস্ট এবং ফ্যাজিং টেস্ট করতঃ লাইন বন্ধ নিশ্চিত হয়ে কাজ করতে হবে। কোন রকম তাড়াহুড়া কিংবা ঝুঁকি নেয়া যাবেনা।

(খ) পোল/লাইনের নীচে দায়িত্বরত গ্রাউন্ডম্যান অবশ্যই সেফটি হেলম্যাট পরিধান করতঃনিজের নিরাপত্তাসহ পোলে আরোহনকারী লাইন-ক্রুগনদের সকল প্রকার নির্দেশনা দিবেন এবং কোন অবস্থাতেই স্পট ত্যাগ করবেন না।

(গ) ক্লাইম্বিং সেট পরিহিত অবস্থায় মোটর সাইকেল আরোহন বা পায়ে হেটে অন্য স্পটে যাওয়া যাবে না।

(ঘ) কাজ চলাকালীন অন্য মনস্ক হওয়া যাবে না এবং মুঠোফোনে কথাবার্তা বলা যাবে না।

(ঙ) বৈদ্যুতিক বিতরন লাইনের কাজ চলাকালীন কর্মীর মাথার দুরত্ব ৫০০ ভোল্ট বা এর উর্দ্ধের লাইন/যন্ত্রপাতি থেকে কমপক্ষে ৬ ফুট এবং ৫০০ ভোল্টের নিম্নের লাইন/যন্ত্রপাতি থেকে কমপক্ষে ৫ ফুট দুরে রাখতে হবে।

(চ) বৈদ্যুতিক কাজের এরিয়া রশি দ্বারা ঘেরাও করে নিতে হবে যাতে চলাচলকারী জনগন কাজের স্থানে প্রবেশ করে দূর্ঘটনার শিকার না হন।

(ছ) বিদ্যুতায়িত লাইন বন্ধ বা বন্ধ লাইন চালু করার ক্ষেত্রে ওয়ার্কিং গ্লোভস এর পরিবর্তে প্রটেক্টরসহ রাবার গ্লোভস পরিধান করতে হবে এবং রাবার গ্লোভস এর কার্যকারিতা যথানিয়মে যাছাই করে নিতে হবে। আংটি, ঘড়ি বা ধারালো মেটাল জাতীয় কোন কিছু হাতে পরিধান করে এমনটি হাতে নখ বড় রেখে রাবার গ্লোভস পরিধান করা যাবে না।

**০৩। কাজ শেষে করনীয়ঃ-**

কাজ শেষ হলে যথানিয়মে অস্থায়ী গ্রাউন্ডিং ও Danger Plate /রেড ট্যাগ (বিআরইবি ফরম নং-৪৫১) অপসারন করে লাইন চালু করার জন্য ক্লিয়ারেন্স প্রদান করতে হবে। এক্ষেত্রে যিনি সাট-ডাউন গ্রহন করেছেন তাকেই ক্লিয়ারেন্স প্রদান করতে হবে এবং ক্লিয়ারেন্স প্রদানের সময় কোড নাম্বার প্রদান করতে হবে।SMS এর মাধ্যমে বার্তা আদান প্রদান করতে হবে।

**০৪। উপকেন্দ্রে কর্মরত লাইনম্যানদের করনীয়ঃ-**

(ক) ফিডার বন্ধের বার্তা অথবা সাট-ডাউন ফরম(বাপবিবো ফরম নং-৪৫৮) পাওয়ার পর তা রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। ভূল বুঝাবুঝি পরিহারের জন্য মোবাইল কিংবা ওয়ারলেস এর মাধ্যমে প্রাপ্ত বার্তা রেজিষ্টারে লিপিবদ্ধ করার পর বার্তা প্রদানকারীকে পড়ে শুনানোর মাধ্যমে পুনরায় ফিডার বন্ধের বিষয়টি নিশ্চিত করতে হবে। দ্বিতীয় পর্যায়ে ফিডার বন্ধ করে সোর্স ও লোড বাইপাস সুইচ/ব্রেকার ওপেন/ Danger Plate /সাট-ডাউন প্লেট /প্রযোজ্য ক্ষেত্রে রেডট্যাগ (বাপবিবো ফরম নং-৪৫১) ঝুলানোর পর সাট-ডাউন নিশ্চিত করন বার্তা প্রদান করতে হবে। কোন অবস্থাতেই মৌখিকভাবে মোবাইল মিসকলের মাধ্যমে সাট-ডাউন প্রদান করা যাবে না। সাট-ডাউন গ্রহনকারীকে একটি কোড নাম্বার প্রদান করতে হবে এবং উক্ত নাম্বার রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

(খ) একই ফিডারে একাধিক সাট-ডাউন প্রদানের ক্ষেত্রে সমসংখ্যক Danger Plate /রেড ট্যাগ(বাপবিবো ফরম নং-৪৫১) ঝুলাতে হবে। সাট-ডাউন প্রদান সংক্রান্ত তথ্য একটি সাদা বোর্ডে লিপিবদ্ধ করে রাখতে হবে।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

(গ) কাজ শেষে বৈদ্যুতিক লাইন চালুর ক্লিয়ারেন্স পাওয়ার পর রেজিষ্টারে লিপিবদ্ধ করে Danger Plate /রেড ট্যাগ (বাপবিবো ফরম নং-৪৫১) অপসারন পূর্বক বৈদ্যুতিক লাইন চালু করতে হবে। সাট-ডাউন ক্লিয়ারেন্স দেওয়ার পূর্বে সাট-ডাউন গ্রহনকারী কর্তৃক প্রদত্ত কোড নাম্বার পূনরায় লিখতে হবে।

(ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনে ফিডার সাট-ডাউন দেওয়া এবং নেওয়ার ক্ষেত্রে মাধ্যমে/ভায়া না হয়ে লাইন চালুর ক্ষেত্রে সাট-ডাউন গ্রহনকারী কর্তৃক প্রদত্ত কোড নাম্বার ক্লিয়ারেন্স প্রদানের সময় একাধিক বার উচ্চারন করে নিশ্চিত হয়ে সাট-ডাউন ক্লিয়ারেন্স প্রদান করতে হবে।

**০৫। <u>ঝুকিপূর্ণ বিতরণ লাইন ও পোল ঝুকিমুক্ত করনের নির্দেশনাবলী-</u>**

ক। যে সকল লাইনের ক্লিয়ারেন্স কম/স্যাগ বেশি, রাস্তা ক্রসিং রয়েছে সে সকল লাইন চিহ্নিত করে পুশ পোল স্থাপন করে লাইনের ক্লিয়ারেন্স বৃদ্ধি করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ। যে সকল স্থানে ঝুঁকিপূর্ন লাইন বিদ্যমান রয়েছে তা ঝুঁকিমুক্ত করনের লক্ষ্যে পূরণকৃত ৫৬৯ ফরম অনুযায়ী প্রতিটি ফিডার ভিত্তিক নোট উপস্থাপন করতে হবে।

01-01-25
(মোঃ আকিমল হোসেন)
জেনারেল ম্যানেজার

**<u>অনুলিপিঃ</u>**

০১। ডিজিএম (মাওনা/শ্রীপুর/জামিরদিয়া/ত্রিশাল/গফরগাঁও) জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
০২। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/আইটি) ময়মনসিংহ পবিস-২।
০৩। এজিএম (ওএন্ডএম) বাটাজোর/কাওরাইদ সাব-জোনাল অফিস, মপবিস-২
০৪। অফিস কপি/মাষ্টার কপি।

০১।০১।২৫
(গোলাম ফারুক মীর)
ডেপুটি জেনারেল ম্যানেজার
(সদর দপ্তর-কারিগরি)